

## মালয়েশিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ে দ্বিগুণ বিদেশী ছাত্রছাত্রী ভর্তি করা হবে

বার্নামা : মালয়েশিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয় বিদেশী ছাত্রছাত্রী ভর্তির সংখ্যা দ্বিগুণ বৃদ্ধি করে ৩০ শতাংশ করার পরিকল্পনা নিয়েছে। এটিকে মুসলিম বিশ্বে উচ্চতর শিক্ষার শীর্ষ স্থানীয় প্রতিষ্ঠানে পরিণত করতে এই উদ্যোগ ডেপুটি রেটর ডঃ মোহাম্মদ আজমী ওমর বলেন, ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটি অব মালয়েশিয়া (আইআইইউএম) -এর বর্তমানের ১৬ হাজার ছাত্রছাত্রীর মধ্যে প্রায় ১৫ শতাংশ বিদেশী।

তিনি দুবাইতে বলেন, গত ৮ থেকে ১১ এপ্রিল দুবাইয়ে গোলফ এডুকেশন এ্যান্ড ট্রেনিং এক্সিবিশন-এ অংশগ্রহণকারী মালয়েশিয়ার ৬টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে আইআইইউএম একটি।

তিনি বলেন, উপসাগরীয় অঞ্চলের লোকজন আরো বেশী সংখ্যায় আইআইইউএম-এ সেবা পড়া করুক আমরা তাই চাই। তাই ইরাকে যুক্ত সবেও বিশ্ববিদ্যালয় এই প্রদর্শনীতে অংশ গ্রহণের সিদ্ধান্ত নেয়। তিনি বলেন, পশ্চিম এশিয়ার লোকদের মধ্যে কিছুটা ভ্রান্ত ধারণা ছিল যে, আইআইইউএম কেবল মাত্র ইসলামী বিধি-বিধান সম্পর্কে শিক্ষাদান করে।

আমরা এই ভুল ধারণা ভেঙে দিতে চাই।

পশ্চিম এশিয়ার ছাত্রছাত্রীদের উচ্চতর শিক্ষার জন্য পাঠ্যভোর দিকে তাকানো প্রয়োজন নেই।